

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২, দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

আরবী

وَعَنْ عَبْدُ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنِّي لَا أَسْتَطِيعُ أَنْ آخُذَ مِنَ الْقُرْآنِ شَيْئًا فَعَلِّمْنِي مَا يُجْزِئُنِي قَالَ: «قُلْ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ» . قَالَ: يَا رَسُولَ اللَّهِ هَذَا لِلَّهِ فَمَاذَا فَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ مَا اللَّهِ هَذَا لِلَّهِ فَمَاذَا لِي اللَّهِ عَلَيْهِ وَعَافِنِي وَاهْدِنِي وَارْزُقْنِي» . فَقَالَ هَكَذَا بِيَدَيْهِ وَقَبَضَهُمَا. لِي اللَّهُ صَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَمَّا هَذَا فَقَدَ مَلاً يَدَيْهِ مِنَ الْخَيْرِ» . رَوَاهُ أَبُو دَافْدَ وَالنَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إلَّا بِاللَّه» دَافُدَ وَانْتَهَتْ رِوَايَةُ النَّسَائِيِّ عِنْد قَوْله: «إلَّا بِاللَّه»

বাংলা

৮৫৮-[৩৭] 'আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে হাজির হয়ে আর্য করলেন, হে আল্লাহর রসূল! আমি কুরআনের কোন অংশ শিখে নিতে সক্ষম নই। তাই আপনি আমাকে এমন কিছু শিখিয়ে দিন যা আমার জন্য যথেষ্ট হবে। উত্তরে তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি এই (দু'আ) পড়ে নিবেঃ ''আল্লাহ তা'আলা পবিত্র। সব প্রশংসা তাঁর। আল্লাহ ছাড়া প্রকৃত আর কোন মা'বূদ নেই। আল্লাহ অতি বড় ও মহান। গুনাহ হতে বেঁচে থাকার শক্তি ও 'ইবাদাত করার তাওফীক্ব আল্লাহরই কাছে''।

ঐ ব্যক্তি আর্য করলো, হে আল্লাহর রসূল! এসব তো আল্লাহর জন্য। আমার জন্য কি? উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার জন্য পড়বেঃ "হে আল্লাহ! আমার ওপর রহম কর। আমাকে নিরাপদে রাখ। আমাকে হিদায়াত দান কর। আমাকে রিযক্ক (রিজিক/রিযিক) দাও"।

তারপর লোকটি নিজের দু' হাত দিয়ে এভাবে ইশারা করলো আবার বন্ধ করলো যেন সে পেয়েছে বলে বুঝালো। এটা দেখে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ ব্যক্তি তার দু' হাত কল্যাণ দিয়ে ভরে নিল। (আবূ দাউদ)[1] কিন্তু নাসায়ীর রাবীগণ এই বর্ণনা শেষ করেছেন ''ইল্লা- বিল্লা-হ'' পর্যন্ত।

ফুটনোট



[1] হাসান : আবূ দাউদ ৮৩২। এ হাদীসের আরো শাহিদমূলক হাদীস রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হুকুম এমন ব্যক্তির জন্যে যে সবেমাত্র ইসলাম গ্রহণ করেছে এবং সালাতের সময় উপস্থিত হওয়ার পূর্বে কুরআনের কিছু অংশ মুখস্থ করার সুযোগ পায়নি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন